

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
www.dwa.gov.bd

স্মারক নং-৩২.০১.০০০০.০২৪.২৩.০১৬.২১. ৪৩০

তারিখ: ০৫/০৩/২০২৬

বিষয়: “অদম্য নারী পুরস্কার” কর্মসূচির ২০২৫-২০২৬ অর্থবছরের বরাদ্দকৃত অর্থের চেক গ্রহণ।

সূত্র: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৩২.০১.০০০০.০২৩.১৪.০০৩.২৫-৬৪, তারিখ: ২৩/০২/২০২৬


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহিলা বিষয়ক অধিদপ্তরধীন “অদম্য নারী পুরস্কার” কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে ৮টি বিভাগীয় পর্যায়ে নির্বাচিত অদম্য নারীদের সংবর্ধনা অনুষ্ঠান আয়োজনের জন্য ঢাকা- ১৩,৯০,০০০/- (তেরো লক্ষ নব্বই হাজার) টাকা, চট্টগ্রাম- ১১,৮৫,০০০/- (এগারো লক্ষ পঁচাত্তর হাজার) টাকা, রাজশাহী- ৯,৯০,০০০/- (নয় লক্ষ নব্বই হাজার) টাকা, খুলনা-১১,২৭,০০০/- (এগারো লক্ষ সাতাত্তর হাজার) টাকা, বরিশাল- ৮,৯৪,০০০/- (আট লক্ষ চুরানব্বই হাজার) টাকা, সিলেট- ৮,১২,০০০/- (আট লক্ষ বারো হাজার) টাকা, রংপুর- ৯,৯০,০০০/- (নয় লক্ষ নব্বই হাজার) টাকা, ময়মনসিংহ- ৮,১২,০০০/- (আট লক্ষ বারো হাজার) টাকা, সদর উপজেলাসহ প্রতিটি জেলায় অদম্য নারী নির্বাচন ব্যয় এবং নির্বাচিত অদম্য নারীদের জীবনবৃত্তান্ত প্রচার বাবদ ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা এবং প্রতিটি উপজেলায় নির্বাচিত অদম্য নারীদের জীবনবৃত্তান্ত প্রচার ও অদম্য নারী নির্বাচনের ব্যয় বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা করে বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ নির্বাচিত অদম্য নারীদের জীবন বৃত্তান্ত প্রচার ও অদম্য নারী নির্বাচন ব্যয়ের বিল ভাউচার সংশ্লিষ্ট উপপরিচালক এর নিকট দাখিল করবেন। উপপরিচালকগণ জেলা ও উপজেলার অদম্য নারী নির্বাচন ব্যয়ের ২ সেট (০১ সেট মূল কপি ও ০১ সেট ফটোকপি) বিল ভাউচার কর্মসূচি পরিচালক, “অদম্য নারী পুরস্কার” কর্মসূচি বরাবর দাখিলপূর্বক বরাদ্দকৃত অর্থের চেক সংগ্রহ করবেন।

বিভাগীয় পর্যায়ের নির্বাচিত অদম্য নারীদের সংবর্ধনা অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট বিভাগের উপপরিচালক বরাবর বরাদ্দকৃত অর্থের চেক উপপরিচালকগণ উপযুক্ত প্রতিনিধি প্রেরণের মাধ্যমে কর্মসূচি পরিচালকের দপ্তর হতে চেক সংগ্রহ ও বিধি মোতাবেক ব্যয়ের ০২ সেট (০১ সেট মূল কপি ও ০১ সেট ফটোকপি) বিল ভাউচার কর্মসূচি পরিচালক, “অদম্য নারী পুরস্কার” কর্মসূচি বরাবর দাখিল করবেন।

শর্তাবলী:

- প্রত্যেক উপপরিচালক আগামী ৩১ এপ্রিল ২০২৬তারিখের মধ্যে জেলা ও উপজেলা পর্যায়ে নির্বাচিত অদম্য নারীদের জীবনবৃত্তান্ত, প্রচার ও অদম্য নারী নির্বাচন এবং সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন বাবদ বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিল ভাউচার (ভ্যাট ও আয়কর কর্তন না করে) কর্মসূচি পরিচালক, “অদম্য নারী পুরস্কার” বরাবর প্রেরণ করবেন। বিধি মতে ভ্যাট ও আয়কর কর্তনপূর্বক চেক প্রদান করা হবে;
- এ অর্থ ব্যয় সংশ্লিষ্ট নীতিমালা এবং পিপিএ- ২০০৬ ও পিপিআর- ২০০৮ (সর্বশেষ সংশোধনী) সহ যাবতীয় বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে নিয়মের কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট উপপরিচালক দায়ী থাকবেন;
- অব্যয়িত অর্থ বিধি মতে সরকারি কোষাগারে জমা দিতে হবে।

উপপরিচালক
উপপরিচালকের কার্যালয়,
মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)


(জিনাত আরা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সদয় জ্ঞাতার্থ:

- সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- বিভাগীয় কমিশনার ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ও ময়মনসিংহ।
- চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা)
- ওয়েব সাইট কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- অফিস কপি।